

অতৃপ্ত।

এ বিপুল বিশ্ব মাঝে,
কেহ যে গো চাহে না আমার।
অসহায় যাই যেনা,
তাজি মোরে সকলে পলায়।
সহেছি অনেক জালা,
সহিতে যে পারি না গো আর ;
বুক মম ভেঙ্গে গেছে,
ছিঁড়ে গেছে প্রণয়ের হার।
হৃদয় বেসুর এবে,
থামিয়া গিয়াছে সুখতান—
চরণে ঠেলিয়া সে ত,
ফিরায়ে দিয়াছে মম প্রাণ।
নিরজন মরু মাঝে,
বারি বিনা বাহিরায় প্রাণ,—
কে আছ আমার, এস,
হৃদয়েতে কর অধিষ্ঠান।
ভীষণ মরম ব্যথা,
হৃর্কিমহ জীবনের ভার—
চাহি না কাহারে আর,
তুমি বিভূ হও গো আমার।

NIRAPADA MUKHERJEE B. A.